দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 05 JUN 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ৪

131

# ঢা. বি. ডিগ্রী ও সাবসিডিয়ারি পরীক্ষার ফল প্রকাশিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ১৯৯৩ সালের ডিগ্রী (পাস) ও সাবসিডিয়ারি

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## ঢা. বি. ডিগ্রী ও

(প্রথম পাতার পর)

পরীক্ষার ফল রবিবার প্রকাশিত হয়েছে। প্রকাশিত ফলাফল অনুযায়ী বিএ পরীক্ষায় ৯৩২৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৮৯৪ জন উত্তীর্ণ হয়েছে। এদের মধ্যে প্রথম শ্রেণীতে দু'জন, দ্বিতীয় শ্রেণীতে ১৫৪০ জন এবং তৃতীয় শ্রেণীতে ৩৩৫২ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার শতকরা ৫২ দশমিক ৪৭ ভাগ।

বিএসসিতে পাসের হার শতকরা ৬৭ দশমিক ৪৫ ভাগ। এ বিভাগে ১৫৩৯ জন্য পরীক্ষার্থীর মধ্যে ১০৩৮ জন উত্তীর্ণ হয়েছে। এর মধ্যে ৯জন প্রথম শ্রেণীতে, ৬৩৫ জন দ্বিতীয় শ্রেণীতে এবং ৩৯৪ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়।

বিকম-এ ২৩৭২ জন পরীক্ষার্থীর মধ্যে ১৩৩০ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার শতকরা ৫৬ দশমিক শূন্য ৭ ভাগ। এর মধ্যে ২৩৪ জন দ্বিতীয় শ্রেণীতে এবং ১০৯৬ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

বিএসসি (পাস) গার্হস্থ্য অর্থনীতিতে ১৫০ জন পরীক্ষার্থীর মধ্যে ১৪৭ জন উত্তীর্ণ হয়। এর মধ্যে ৯৫ জন প্রথম শ্রেণীতে, ৫১ জন দ্বিতীয় শ্রেণীতে এবং একজন তৃতীয় শ্রেণী লাভ করেছে। পাসের হার শতকরা ৯৮। বিএ ও বিএসএস সাবসিডিয়ারিতে ৪১৯-এর মধ্যে ২৮০ জন, বিএসসি সাবসিডিয়ারিতে ১১৮২ জনের মধ্যে ৯৪৩ জন এবং বিকম সাবসিডিয়ারিতে ৭০৫ জনের মধ্যে ৩৮৬ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে।